দৈনিক ইত্তেফাক

তারিখ 01 OCT 1987
পৃষ্ঠা ১ কলাম ৫



# চেয়ারম্যানের পদ লইয়া কুমিল্লা বোর্ডে কোন্দল

কুমিল্লা, ৩০শে সেপ্টেম্বর (নিজস্ব সংবাদদাতার টেলিফোন)—গত ১লা সেপ্টেম্বর হইতে কুমিল্লা শিক্ষা বোর্ডে বিরাজমান অচলাবস্থা অব্যাহত রহিয়াছে। ফলে কর্মচারীরা

(শেষ ৫-এর কঃ দ্রঃ)

## কুমিল্লা বোর্ডে কোন্দল

(১ম পৃঃ পর)

বেতন পাইতেছেন না। হিন্দু কর্মচারীরা পূজার বোনাসও পান নাই। প্রকাশ, বোর্ডের চেয়ারম্যানের অস্থায়ী শূন্য পদে জ্যেষ্ঠতার ভিত্তিতে কলেজ পরিদর্শককে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশে বিদায়ী চেয়ার-

(২য় পৃঃ দ্রঃ)

## কুমিল্লা বোর্ডে কোন্দল

(১ম পৃঃ পর)

ম্যানের দায়িত্ব দিলে বোর্ডের সচিব আদালতের শরণাপন্ন হন। আদালত গত ১৪ই সেপ্টেম্বর তাহার আবেদন বাতিল করিয়া দেন। উহার পরও সচিবের অসহযোগিতার ফলে বোর্ডের আর্থিক লেনদেনসহ প্রায় সকল কাজ বন্ধ রহিয়াছে। সচিব পুনরায় গত ২৬শে সেপ্টেম্বর মামলা দায়ের করেন এবং ২৯শে সেপ্টেম্বর উহার শুনানি হয়। আজ শিক্ষা মন্ত্রণালয় হইতে কর্মচারীদের বেতন প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য তারবার্তার মাধ্যমে শিক্ষা মন্ত্রণালয় অস্থায়ী চেয়ারম্যানকে নির্দেশ দিয়াছেন। বোর্ডসূত্রে প্রকাশ, এই নির্দেশও কার্যকর হইতেছে না। আগামীকাল কর্মচারীদের সেপ্টেম্বর মাসের বেতন প্রদানও অনিশ্চিত হইয়া পড়িয়াছে।